

সন্ত্রাসীদের প্রাধান্য দেওয়ার অভিযোগ
ছাত্রদলের নতুন কমিটি থেকে পদত্যাগের হিড়িক

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নবগঠিত কমিটি থেকে নেতাদের পদত্যাগের হিড়িক পড়ে গেছে। গতকাল মঙ্গলবার পর্যন্ত ৯ জন নেতা পদত্যাগ করেছেন। সন্ত্রাসী অযোগ্য, আধুনিকতা ও শিবির কমিটির প্রাধান্য দিয়ে কমিটি করায় এ সকল নেতা পদত্যাগ করছেন বলে জানা গেছে।

• এরপর পৃষ্ঠা ২ কলাম ২

ছাত্রদলের নতুন কমিটি

• প্রথম পাতার পর:

গত সোমবার ছাত্রদল ঢাকা শাখার ৮১ সদস্যবিশিষ্ট পূর্ণায় কমিটি ঘোষণার পরই ছাত্রদলের ষাট পর্যায়ের নেতাকর্মীদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া ও ক্ষোভের সৃষ্টি হয়। সোমবার মধুর কেবিনে সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদকের সামনে নেতাকর্মীরা একজনকে মারধর ক্যাচিনে ভাঙচুর চালায়। ঐ দিনই ৫ নেতা ছাত্রদল ঢাকা শাখার সাধারণ সম্পাদক হাসান মামুনের কাছে নতুন কমিটি সম্পর্কে বিভিন্ন অভিযোগ এনে পদত্যাগপত্র জমা দেন। গতকাল আরো ৪ নেতা পদত্যাগ করেছেন। পদত্যাগকারী নেতারা হলেন সহ দপ্তর সম্পাদক আলি আলমগীর, সদস্য মাসুদুর রহমান সবি, আব্দুল সুমিত সরকার এবং মোহাম্মেজ হোসেন লিটন। এ সকল নেতাকর্মীরা বর্তমান কমিটি তেজে নিয়মিত ছাত্র, ত্যাগী ও যোগ্য ছাত্রদের দিয়ে পুনরায় কমিটি গঠনের দাবি জানিয়েছেন। ছাত্রদল কেন্দ্রীয় নেতবৃন্দ পদত্যাগকারী নেতাকর্মীদের সংগঠন থেকে আত্মীয় বহিষ্কার ও ৫৪ ধারায় পুলিশে ধরিয়ে দেওয়ার হুমকিসহ নানা ধরনের হুমকি দিচ্ছে বলে তারা অভিযোগ করেছেন। এ ছাড়া আরো অনেকে একই অভিযোগে পদত্যাগ করার চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছেন বলে জানা গেছে। আজকালের মধ্যে তারা পদত্যাগ করতে পারেন বলে ধারণা করা হচ্ছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে: কমিটি চূড়ান্ত করার আগে ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সভাপতি সাহাবুদ্দীন লাস্কী, ঢাকা শাখার সাধারণ সম্পাদক হাসান মামুন এবং সাংগঠনিক সম্পাদক দফাল হোসেন গোপন বৈঠক করে কমিটি স্বেপে পাঠিয়ে দেন।